**পশ্চিমবঙ্গ সরকার**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

**জেশপ বিল্ডিং (দ্বিতল)**

**৬৩, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১**

**স্মারক নং: ৫৯২(২১)/আর.ডি/পি/এন.আর.ই.জি.এ/ ১৮এস-০১/০৮,** **তাং: ৩০.০১.২০০৯**

প্রেরক: মানবেন্দ্র নাথ রায়

প্রধান সচিব,

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ বিভাগ

প্রাপক: ১) জেলা শাসক

-----------------------

২) প্রধান সচিব, ডি,জি,এইচ,সি

৩) অতিরিক্ত নির্বাহি আধিকারিক, শিলিগুড়ি মহাকুমা পরিষদ

**বিষয়: জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির সাথে অন্যান্য প্রকল্পের মেলবন্ধন**

মহাশয়/মহাশয়া

আপনি অবগত আছেন যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির মূল উদ্দেশ্য হল অদক্ষ শ্রমিকের সুনিশ্চিত কর্মসংস্থান এবং তার মাধ্যমে স্থায়ী ও উপযোগী সম্পদ সৃষ্টি যা জনসাধারণের বিশেষ করে দরিদ্রতম পরিবারদের কাছে স্থায়ী ফলদায়ক হবে। এই উদ্দশ্যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির সাথে অনান্য গ্রামোন্নয়ন প্রকল্পের মেলবন্ধন অত্যন্ত জরুরী। এই মেলবন্ধন একদিকে যেমন সমস্ত দারিদ্র দূরীকরণ কর্মসূচীগুলির রূপায়ণে অধিকতর স্বচ্ছতা বজায় রাখবে ও নাগরিকদের অধিকার সুনিশ্চিত করে সামগ্রিকভাবে প্রকল্প রূপায়ণ পদ্ধতির উন্নতি ঘটাবে, অন্যদিকে এর মাধ্যমে উন্নত মানের উপযোগী স্থায়ী সম্পদও সৃষ্টি হবে। এই স্থায়ী সম্পদ সৃষ্টির ক্ষেত্রে যেখানে সাধারণত উপকরণের খরচ অনেক বেশী সেখানে অন্যান্য কর্মসূচীর সঙ্গে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির (NREGS) মেলবন্ধন অত্যন্ত জরুরী,

যাতে উপকরণের জন্য বাড়তি খরচের একটা অংশ জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচি ব্যতীত অন্যান্য প্রকল্পের উৎস থেকে মেটানো যায়। বি. আর. জি. এফ এর বরাদ্দ ; কেন্দ্র এবং রাজ্যের অর্থ কমিশন থেকে প্রাপ্ত অনুদানের অর্থ ; নিজস্ব তহবিল, তপশীল জাতি ও উপজাতি ; সংখ্যালঘু সম্প্রদায় এবং পিছিয়ে পড়া গ্রামগুলির উন্নয়নে বরাদ্দকৃত অর্থ ; স্বনিযুক্তি প্রকল্পের এবং স্বনির্ভর গোষ্ঠীর উন্নয়নের জন্য বরাদ্দকৃত অর্থ এই সংযুক্ত (dovetailed) প্রকল্পগুলির রূপায়ণের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

সাধারণভাবে এই সমস্ত সংযুক্ত(dovetailed) প্রকল্পগুলির ক্ষেত্রে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচি থেকে অদক্ষ শ্রমিকের মজুরি বাবদ খরচ এবং মজুরির সমপরিমাণ অর্থ উপকরণের জন্য খরচ করা যেতে পারে। অর্থাৎ এই সমস্ত ক্ষেত্রে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচি থেকে ব্যয়িত অদক্ষ শ্রমিকের মজুরি এবং উপকরণ বাবদ খরচের অনুপাত হবে ৫০:৫০। কিছু কিছু ব্যাতিক্রমী ক্ষেত্রে জেলা প্রকল্প আধিকারিকের বিশেষ অনুমোদন সাপেক্ষে এই অনুপাত ৪০:৬০ পর্যন্ত হতে পারে। তবে এটা অবশ্যই লক্ষ রাখতে হবে যাতে সারা আর্থিক বছরে জেলার জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচিতে সামগ্রিকভাবে মজুরী বাবদ খরচ কমপক্ষে ৬০ শতাংশ থাকে। এই ধরণের মেলবন্ধন এন.আর.ই.জি. আইন/ গাইডলাইনকে লঙ্ঘিত না করে আইন/ গাইডলাইনে অনুমোদিত যেকোন কাজের ক্ষেত্রে করা যাবে যেমন -- সব ঋতুর উপযোগী উন্নতমানের রাস্তা নির্মাণ, নর্দমা তৈরী, বন্যা নিরোধক কাজ, আই.এ.ওয়াই কর্মসূচিতে বাড়ি তৈরীর জন্য জমির উন্নয়ন, ফলের গাছ তৈরীর জন্য গ্রীণ হাউস নির্মাণ এবং ছ'মাস পর্য্যন্ত তার রক্ষণাবেক্ষণ, বাড়ির ছাদের ওপরে বা অন্যত্র বৃষ্টির জল সংরক্ষণ (যেসব ক্ষেত্রে উপকরণের খরচ তুলণামুলক ভাবে বেশী), ক্ষুদ্র সেচ প্রকল্প ইত্যাদি। এই সমস্ত সংযুক্ত (dovetailed) কাজে যদি যন্ত্রপাতির ব্যবহারের প্রয়োজন হয় তাও করা যেতে পারে ; তবে এই বাবদ খরচ জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচি ছাড়া অন্যান্য প্রকল্পগুলির তহবিল থেকে বহন করতে হবে।

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির (NREGS) আরও উন্নত ফললাভের জন্য উক্ত বিষয়গুলি সম্পর্কে কর্মসূচির সঙ্গে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে জানানো এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত

(মানবেন্দ্র নাথ রায়)